

Balmiki - Kabita - Short – Dashyu – Sanjib Pramanik বাল্মীকি-দস্যু-সঞ্জীব প্রামাণিক

যে-তুমি লুঠেরা ছিলে জলপথে, মগ, আরাকানে
কে যায় কে যায় বলে লাফ দিতে নৌকার ওপর
বজ্রপতনের মতো, সব কেড়ে যেতে অন্যখানে
নিশ্বস বাণিজ্য দেখে দুঃখ চেপে ফিরত সদাগর।

আজ তুমি অন্য নামে, অন্য রূপে নেমেছ রাস্তায়-
হাতে বালি, টিলা গেঞ্জি, গলায় পাখির বাঁকা ঠোঁট
পাশাপাশি হেলেদুলে যুবতী ও কিশোরীরা যায়
সারসার জাহাজের মতো; লোট্ তবে লোট্
-বলে ঝাঁপ দাও অন্ধকারে, পাশেই জঙ্গল
যুবতী আঁতকে দ্যাখে ছিন্ন নৌকা, জল আর জল।